সংবাদ

তারিখ: 27 DEC 2016
পৃষ্ঠা ... কলাম ... 2

# বরিশাল প্রাথমিকে ৪৬ ভাগ নতুন বই এখনও পৌঁছেনি

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল বিভাগের ৬ জেলায় প্রাথমিক শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্য বইয়ের চাহিদার প্রায় অর্ধেক এখন পর্যন্ত বরিশালে পৌঁছেনি। ওই বই বরিশাল বিভাগীয় প্রাথমিক শিক্ষা অধিদফতরে পৌঁছানোর পর বিভাগের অপর ৬ জেলায় পাঠানো হবে। চলতি মাসের ৪ দিনের মধ্যে অবশিষ্ট বই বরিশালে পৌঁছাতে না পারলে ১ জানুয়ারি বই উৎসবে সব বই হাতে পাচ্ছেন না প্রাথমিক শিক্ষার্থীরা। প্রাথমিক শিক্ষা অধিদফতরের উপ-পরিচালক এসএম ফারুক বলেছেন, বরিশাল বিভাগের জন্য ৫৪ ভাগ বই এসেছে। ডিসেম্বর মাসের মধ্যেই বাকি বইগুলো এসে পড়বে সেক্ষেত্রে ১ জানুয়ারি বই উৎসব করা যাবে। সেভাবেই প্রস্তুতি নেয়া হচ্ছে।

বিভাগীয় প্রাথমিক শিক্ষা অধিদফতর সূত্রে জানা গেছে, বিভাগের ৬ জেলায় মোট বইয়ের চাহিদা রয়েছে ৫৯ লাখ ১১ হাজার ১৫৭ কপি। এ পর্যন্ত বই পৌঁছেছে ৩১ লাখ ৯২ হাজার ৪০৩ কপি। সে হিসাবে এখনও ২৭ লাখ ১৮ হাজার ৭৫৪ কপি বই বরিশালে পৌঁছেনি। অর্থাৎ মোট চাহিদার মধ্যে বই পৌঁছেছে ৫৪ ভাগ। সবচেয়ে কম বই পৌঁছেছে দ্বীপ জেলা ভোলায়। ভোলায় বইয়ের চাহিদা হচ্ছে ১৫ লাখ ৭ হাজার ১৬৭ কপি। বই পৌঁছেছে ৫ লাখ ৭৩ হাজার ৬৯৩ কপি। অর্থাৎ চাহিদার মধ্যে পৌঁছেছে ৩৮ দশমিক ৬ ভাগ।

জেলাভিত্তিক বরিশালে বইয়ের চাহিদা রয়েছে ১৬ লাখ ৩৯ হাজার ৯৬২ কপি। বই পৌঁছেছে ৯ লাখ ৭৭ হাজার ২২৯ কপি। পিরোজপুরে চাহিদা রয়েছে ৬ লাখ ৫৯ হাজার ৮৪৮ কপি। বই পৌঁছেছে ৪ লাখ ৯৬ হাজার ৪১৬ কপি। ঝালকাঠীতে চাহিদা রয়েছে ৩ লাখ ৮৫ হাজার ৯৮ কপি। বই পৌঁছেছে ১ লাখ ৮৫ হাজার ৭৬৯ কপি। বরগুনায় বইয়ের চাহিদা রয়েছে ৬ লাখ ৭৩ হাজার ১০৫ কপি। বই পৌঁছেছে ৪ লাখ ৯৫ হাজার ৪৫ কপি। পটুয়াখালী জেলায় বইয়ের চাহিদা রয়েছে ১০ লাখ ৪৫ হাজার ৯৭৭ কপি। বই পৌঁছেছে ৪ লাখ ৬৪ হাজার ৮৫১ কপি।